মেহেরপুরে গ্রাম আদালত কার্যক্রম সক্রিয়করণে সমন্বয় সভা

মেহেরপুরে বাংলাদেশ গ্রাম আদালত কার্যক্রম সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর বিচারিক অধিকার নিশ্চিত করার লক্ষ্যে জনসচেতনতা তৈরিতে প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনায় স্থানীয় অংশীজনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুরের স্থানীয় সরকার উপ-পরিচালক মো: তরিকুল ইসলামের সভাপতিত্বে সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

প্রকল্পের জেলা ম্যানেজার আছাদুজ্জামান গ্রাম আদালত কার্যক্রম নিয়ে মেহেরপুরের তিন উপজেলার ইউনিয়ন পরিষদের অগ্রগতির চিত্র তুলে উপস্থাপনের মাধ্যমে দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের বিচারিক অধিকার নিশ্চিত করার জন্য অংশীজনদের ভূমিকার গুরত্ব তুলে ধরেন।

এসময় অন্যদের মধ্যে বক্তব্য দেন সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক আশাদুল ইসলাম, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, পলাশীপাড়া সমাজকল্যান সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন ।
বক্তারা বলেন, গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে সাধারণ মানুষের কাছে এখনো তথ্য পৌছায়নি। বিভিন্ন সেমিনার, মিটিং, লিফলেট এবং মাইকিংয়ের মাধ্যমে জহনসাধারণের মাছে প্রচারনা চালানোর আহবান জানান।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, প্রতিনিয়ত ছোট ছোট সমস্যা নিয়ে সাধারণ মানুষ আমাদের কাছে আসেন। অথচ সেগুলো অনায়াসেই গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তি করা সম্ভব। সেক্ষেত্রে গ্রাম আদালত কার্যক্রমকে গতিশীল করতে আপনারা যারা অংশীজন রয়েছেন তাদের বিষয়টিতে মনিটরিং করতে হবে।

গাংনীতে আলগামন উল্টে এসএসসি পরীক্ষার্থী নিহত, আহত ২

মেহেরপুরের গাংনীতে চলন্ত আলগামন (ইঞ্জিনচালিত ভ্যান) উল্টে নাহিদ হোসেন (১৮) নামে এক এসএসসি পরীক্ষার্থী নিহত হয়েছে। এ দুর্ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন।

বুধবার (১৮ জুন) বেলা সাড়ে ৩টার দিকে গাংনী-কাথুলী সড়কের চৌগাছা মাঠ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত নাহিদ গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের বাবুল হোসেনের ছেলে। চলতি বছর সে এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছিল।

প্রত্যক্ষদর্শীরা জানান, আলগামনটিতে চালকসহ মোট তিনজন ছিলেন। তারা কাথুলী থেকে গাংনীর দিকে ফিরছিলেন। পথে চৌগাছা মাঠ এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে আলগামনটি উল্টে যায়। এতে গুরুতর আহত হয় নাহিদসহ তিনজন।

স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক নাহিদকে মৃত ঘোষণা করেন। আহত অপর দুইজন হলেন—আলগামন চালক সামিউল ইসলাম ও নিহত নাহিদের বন্ধু আজমান হোসেন। তারা বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মরদেহ উদ্ধার করে আইনি প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।

এ ঘটনায় এলাঙ্গী গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুরে সোনালী লাইফ ইন্স্যুরেন্সের অফিস উদ্বোধন

বুধবার (১৮ জুন) দুপুর ১২টার দিকে ফিতা কেটে অফিসটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

প্রধান কার্যালয়ের বিএম মো. ফিরোজ আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (ডিএমডি) গোলাম মোস্তফা।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, সোনালী লাইফ ইন্স্যুরেন্স দেশের একটি বিশ্বস্ত এবং গ্রাহকবান্ধব জীবন বীমা প্রতিষ্ঠান। আমরা সবসময়ই গ্রাহকের চাহিদাকে অগ্রাধিকার দিয়ে সেবা প্রদান করে থাকি। মেহেরপুরে নতুন অফিস উদ্বোধনের মাধ্যমে আমরা এখানকার মানুষদের আরও কাছাকাছি থেকে জীবন বীমা সেবা পৌঁছে দিতে পারব।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রধান কার্যালয়ের এজিএম মো. মনিরুজ্জামান খান এবং দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন।

তারা বলেন, সোনালী লাইফ শুধু একটি বীমা কোম্পানি নয়, এটি মানুষের ভবিষ্যতের নিরাপত্তা নিশ্চিত করার একটি অংশীদার। আমরা চাই দেশের প্রতিটি মানুষের মধ্যে বীমা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাক এবং প্রত্যেকেই একটি নিরাপদ জীবন গঠনে বীমা গ্রহণ করুক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এফএ শামীম, হাসান, মাহাবুল, মো. মশিউর রহমানসহ কোম্পানির অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা।

গাংনীতে দুইজনের করোনা শনাক্ত

মেহেরপুরের গাংনী উপজেলায় নতুন করে দুইজনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। তারা দু’জনই বর্তমানে নিজ নিজ বাড়িতে আইসোলেশনে থেকে চিকিৎসা নিচ্ছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, গত ১৭ জুন (মঙ্গলবার) করোনা পরীক্ষায় চৌগাছা ডিগ্রি কলেজপাড়ার মরহুম অ্যাড. রমজান আলীর স্ত্রী মোছাঃ রুনা লায়লা (৪৫), ও ১৮ জুন (বুধবার) বামুন্দী চেরাগীপাড়ার জিয়াউল হকের ছেলে মোঃ কালাম হোসেন (৪৭), এর শরীরে করোনা শনাক্ত হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংশ্লিষ্টরা জানান, আক্রান্ত দুজনের মধ্যে কেউই হাসপাতালে ভর্তি হননি। তাদের অবস্থা স্থিতিশীল এবং তারা নিজ নিজ বাড়িতে থেকেই প্রয়োজনীয় চিকিৎসা নিচ্ছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা আরও জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনাভাইরাস শনাক্তকরণ পরীক্ষার জন্য পর্যাপ্ত কিট মজুদ রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে নিয়মিতভাবে স্বাস্থ্য পরীক্ষা ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

স্থানীয় প্রশাসন ও স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে এলাকাবাসীকে মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং কোনো উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসা গ্রহণের পরামর্শ দেওয়া হয়েছে।

গাংনীতে ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ আটক-১

৯ পিচ নিষিদ্ধ ঘোষিত ট্যাপেন্ডেল ট্যাবলেটসহ মিনারুল উদ্দীন
(২৮) নামের এক যুবককে আটক করেছে গাংনী থানার এলাঙ্গী ক্যাম্পের

পুলিশের একটি টিম।

মিনারুল উদ্দীন গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের জামাল উদ্দীনের ছেলে।

গতকাল মঙ্গলবার সকারের দিকে এলাঙ্গী ক্যাম্পের এএসআই দেবদাশ কুমার দেবনাথের নেতৃত্বে পুলিশের একটি টিম তার বাড়িতে গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে মিনারুলকে আটক করে। এসময় তার কাছ থেকে ৯ পিচ ভারতীয় ট্যাপেন্ডাল ট্যাবলেট জব্দ করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দিয়ে আটককৃত মিনারুল উদ্দীনকে গতকাল মঙ্গলবার দুপুরের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে এক নারীর করোণা আক্রান্ত

গাংনী উপজেলা শহরের চৌগাছা গ্রামে এক নারী করোণা আক্রান্ত হয়েছেন। সম্প্রতি জ্বও, সর্দি, শরীর ব্যাথা নিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হলে তার স্যাম্পল নিয়ে ঢাকায় পাঠালে গত রবিবার তার রিপোর্টে করোণা পজেটিভ ধরা পড়ে। বর্তমানে তিনি হোম কোয়ারিন্টিনে চিকিৎসা নিচ্ছেন। নাম প্রকাশ না করার শর্তে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রের একজন চিকিৎসক এই তথ্য নিশ্চিত করেন। তবে তিনি নাম প্রকাশ করেননি।

ওই চিকিৎসক আরও জানান, একমাত্র ওই নারীর স্যাম্পল সংগ্রহ করে আইসিডিডিআরে পাঠানো হয়েছিল। গত রোববার আমরা রিপোর্ট হাতে পেয়েছি। তার করোনা পজেটিভ এসেছে। তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে। এখন মোটামুটি সুস্থ্য রয়েছেন।

এদিকে সারা দেশে করোণার প্রকোপ বৃদ্ধি পেলেও এখন পর্যন্ত

মেহেরপুর স্বাস্থ্য বিভাগ থেকে সামাজিক সচেতনতা বৃদ্ধিতে কোনো ধরণের ব্যবস্থা নেওয়া হয়নি। স্কুল কলেজগুলোতে মাস্ক পরিধানের কোনো তাগিদ দেওয়া হয়নি। এছাড়া হাসপাতালে কোনো ধরণের ব্যবস্থাও গ্রহণ করা হয়নি।

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সম্পাদক সাগর গ্রেফতার

বিশেষ ক্ষমতা আইনে পুলিশের দায়ের করা মামলার অন্যতম আসামি গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সাগর হোসেন (৪০) কে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

সাগর হোসেন গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের সরোয়ার হোসেনের ছেলে।

মেহেরপুর সেনাবাহিনীর একটি টিম গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, সম্প্রতি গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামে আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠণের নেতাকর্মীরা জড়ো হয়ে সরকার বিরোধী গোপন মিটিং করার অপরাধে একটি মামলা হয়। সে মামলার এজাহার নামীয় আসামি সাগর হোসেন। তাকে মঙ্গলবার দুপুরের দিকে আদালতে নেওয়া হলে তাকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন বিজ্ঞ বিচারক।

মেহেরপুরে আমে পচন রোগ, দেড়শ কোটি টাকার ক্ষতি

মেহেরপুরে আমবাগানগুলোতে চলতি মৌসুমে এক অজানা রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। যা আমচাষীদের জন্য বড় ধরনের উদ্বেগের কারণ হয়ে উঠেছে। এই রোগে পরিপক্ব আম গাছ থেকে নামানোর ২-৩ দিনের মধ্যেই বোটার (ডাঁটার) দিক থেকে পচে যাচ্ছে এবং খাওয়ার অযোগ্য হয়ে পড়ছে। কৃষি বিশেষজ্ঞরা ধারণা করছেন রোগটি ‘স্টেম-এন্ড রট’ বলে। জেলায় ২৩৬৬ হেক্টর বাগানে ৪৫৫১০ মেট্রিক টন উৎপাদনের লক্ষ্যমাত্রা। এক হাজার মেট্রিক টন আম পচে গেলেও প্রতি মন আম ১৫ শ টাকা হলেও দেড়শ কোটি টাকার ক্ষতি।

প্রাথমিক পর্যবেক্ষণে দেখা যাচ্ছে, এই রোগ প্রতিটি বাগানে ছড়িয়ে পড়েছে। এবং প্রায় ২ হাজার হেক্টর আমবাগান মারাত্মক ক্ষতির সম্মুখীন। বিগত বছরগুলোতে এমন পরিস্থিতি কখনো দেখা যায়নি। ভোক্তারা বাজার বা বাগান থেকে আম ক্রয় করে বাড়িতে নেয়ার দুইদিন পর থেকেই তাদের আমে পচন ধরছে। এসব পচনধরা আম পৌরসভার ডাস্টবিনগুলো ভরে যাচ্ছে প্রতিরাতে। শহরের গড়পাড়ায় একটি পুকুরপাড়ে দেখা যায় ফেলে দেয়া আমের স্তুপ।

শহরের গড় পাড়ার শিখা বেগম জানান, বাজার থেকে আম কেনার পর আমে পচন দেখা দেয়াতে আবর্জনার স্তুপে ফেলে দিয়েছেন।

অনেকেই কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নিকটস্বজনদের কাছে মেহেরপুরের সুস্বাদু হিমসাগর আম পাঠিয়েছেন। সেসব ভোক্তারা আম পচে গেছে বলে প্রেরণকারীকে জানিয়েছেন। রাজশাহী আমচাষের জন্য বিখ্যাত হলেও সুস্বাদু আমের জেলা মেহেরপুর। যার সুখ্যাতি ইউরোপ মহাদেশে ছড়িয়েছে। অজানা রোগের কারণে এবার সেই সুখ্যাতি বিলিন হয়ে পড়েছে। আমপচা রোগের কারণে স্থানীয় বাজারে ভোক্তাসংকট দেখা দিয়েছে।

কৃষি বিশেষজ্ঞগণ ধারণা করছেন, এটি হয়তো ছত্রাকঘটিত কোনো মহামারি (যেমন স্টেম-এন্ড রট বা অ্যানথ্রাকনোজ) বা পরিবেশগত পরিবর্তনের কারণে হয়ে থাকতে পারে। তবে কোন চাষী অভিযোগ না জানানোর কারণে কৃষি কর্মকর্তারা মাঠপর্যায়ে সরিজমিনে কোন বাগান বা আম বাজারে কারিগরি টিম প্রেরণ করেননি।

মেহেরপুর জেলা কৃষি অফিসের এক কর্মকর্তা জানান- তিনিও বাজার থেকে

আম কিনে দুইদিনের মধ্যে পচে গেছে। ফ্রিজে রাখলেও আমে পচন ধরছে। গাছ থেকে সংগ্রহ করা আমেও এমনটা হচ্ছে বলেও তিনি জানান।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দ্রুত ব্যবস্থা গ্রহণ করলে এ রোগের বিস্তার রোধ ও ভবিষ্যতের জন্য সঠিক পদক্ষেপ নেওয়া সম্ভব হবে। এখনই পরবর্তী মৌসুমের জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা বা বর্তমান পরিস্থিতি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা না হলে আমচাষে চরম বিপর্যয় দেখা দেবে।

মেহেরপুর জেলায় ২৩৬৬ হেক্টর জমিতে আমের বাগান আছে। চলতি মৌসুমে আম উৎপাদন লক্ষ্যমাত্রা ছিল ৪৫৫১০ মেট্রিক টন। এক হাজার মেট্রিক টন আম পচে গেলেও প্রতি মন আম ১৫ শ টাকা হলেও দেড়শ কোটি টাকার ক্ষতি।

সদর উপজেলার আমচাষী রুস্তুম আলী জানান, ১৮ মে পরবর্তী ২৭ মে থেকে এক সপ্তাহ ধরে বৃষ্টির পর গাছ থেকে আম সংগ্রহর পর সেই আম সংরক্ষণ করা যাচ্ছে না। তিনি ধারণা করছেন- আবহাওয়া জনিত কারণে এক ধরণের ভাইরাস ছড়িয়ে পড়েছে প্রতিটি বাগানে।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সামসুল আলম বলেন- ‘আবহাওয়াজনিত ছত্রাকবাহিত ‘স্টেম-এন্ড রট’ রোগে এমন হতে পারে। আম সংগ্রহের অন্তত পনেরদিন আগে ফলবান গাছে কোনধরণের ওষুধ স্প্রে করা যাবে না।’ কোন আমচাষী বা ভোক্তা থেকে অভিযোগ না পাওয়াতে কারিগরি টিম সরেজমিন পর্যবেক্ষণ করানো হয়নি। বিষয়টি তিনি দেখবেন বলে জানান।

সাংবাদিকের বাড়িতে চুরি ও পরোক্ষভাবে হত্যা চেষ্টার অভিযোগে মামলা

মেহেরপুর সদর উপজেলার মল্লিকপাড়ায় দৈনিক কালবেলার জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফির বাড়িতে প্রকাশ্য দিবালোকে বিদ্যুৎ সংযোগ

কেটে দুর্ধর্ষ চুরি ও পরোক্ষভাবে হত্যার চেষ্টা চালিয়েছে দুর্বৃত্তরা।

এ ঘটনায় অজ্ঞাত ব্যক্তিদের আসামি করে মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করা হয়েছে। মেহেরপুর সদর থানায় ১৭ জুন ২০২৫ তারিখে দায়েরকৃত মামলাটি ১২ নম্বর মামলা হিসেবে রেকর্ডভুক্ত হয়েছে।

অভিযোগ সূত্রে জানা যায়, ঘটনার সময় সাংবাদিক রাফি বাড়ির বাইরে অবস্থান করছিলেন এবং উপরের তলায় তার বৃদ্ধ মা ও ছোট ভাই ছিলেন। ১৫ জুন বেলা আনুমানিক ১২টা ৪৫ থেকে ২ টার মধ্যবর্তী সময়ে পূর্ব পরিকল্পিতভাবে তাদের বাড়ির বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেয় দুর্বৃত্তরা। দীর্ঘ সময় বিদ্যুৎ না থাকায় তারা বিষয়টি প্রথমে এলাকা ভিত্তিক লোডশেডিং বলে ভেবেছিলেন। পরবর্তীতে তারা দেখতে পান বাড়ির মেইন গেটের পাশে থাকা বিদ্যুৎ মিটারের তার কেটে সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। বিচ্ছিন্ন করা বৈদ্যুতিক তার সংযোগসহ বাড়ির প্রধান ফটোকে জুড়ে দেয়া হয়েছে। একইসঙ্গে চুরি হয়েছে ৮ হাজার ২০০ টাকা মূল্যের বিদ্যুৎ সংযোগের তার ও ৩৫ হাজার টাকা বাজার মূল্যের তিনটা ছাগল।

মামলার বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ নিশ্চিত করে বলেছেন, অভিযোগটি গ্রহণ করে তদন্তের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য এর আগে গত ১৬ জুন সোমবার ঘটনার বিস্তারিত দৈনিক মেহেরপুর প্রতিদিনে প্রকাশিত হয়। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছিল ১৫ জুন রবিবার মেহেরপুর শহরের মল্লিকপাড়ায় দৈনিক কালবেলার জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফির বাড়িতে রহস্যজনক ও প্রাণঘাতী একটি চুরির ঘটনা ঘটেছে। বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করে সংঘটিত এই চুরিকে নিছক চুরি নয়, বরং সাংবাদিককে ক্ষতিগ্রস্ত ও ভয়ভীতির মাধ্যমে থামিয়ে দেওয়ার একটি সুপরিকল্পিত প্রচেষ্টা হিসেবে দেখছেন সচেতন মহল।

তবে যা সবচেয়ে ভয়াবহ, তা হলো — চুরির পর বাড়ির বৈদ্যুতিক লাইনের তার গেটের উপর থাকা লোহার তারকাটায় সংযুক্ত করে রেখে যায় দুর্বৃত্তরা। এটি যেকোনো সময় প্রাণঘাতী দুর্ঘটনার কারণ হতে পারত। এ কারণে এটি শুধু চুরি নয়, বরং একজন অনুসন্ধানী সাংবাদিককে ভয় দেখানোর জন্য পরিকল্পিত মৃত্যুফাঁদ বলেই ধারণা করছেন এলাকাবাসী।

মেহেরপুর সদর উপজেলাকে মডেল হিসেবে গড়ে তুলতে চাই: ইউএনও খায়রুল ইসলাম

মেহেরপুর সদর উপজেলার নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম বলেছেন, মেহেরপুর সদর উপজেলা যেন বাংলাদেশে একটি মডেল হিসেবে গড়ে উঠতে পারে। আমরা সকলের সহযোগিতা নিয়ে সে চেষ্টা করে যাচ্ছি।

তিনি বলেন, এখানে বসবাসকারী কেউ অশান্তি ভোগ করেন না। এই উপজেলার সকল ধর্মের মানুষ অত্যন্ত সৌহার্দ্যপূর্ণভাবে বসবাস করেন। তিনি বলেন, ইসলাম আমাদের যে শিক্ষা দিয়েছে সে শিক্ষা মেনে বসবাস করতে হবে। কোন ধর্মেই হত্যা, হিংসা-বিদ্বেষেকে স্থান দেয় না। তিনি বলেন, মানুষ খারাপ হতে পারে, কিন্তু ধর্ম খারাপ নয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম আজ মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদ হল রুমে পিস ফ্যাসিলিটিটর গ্রুপ (পিএফজি)’র উদ্যোগে আন্তঃধর্মীয় সংলাপ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

পিএফজি’র পিস এম্বাসেডর সিরাজ উদ্দীনের সভাপতিত্বে সংলাপ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুল মুনির, পুলিশ পরিদর্শক সেলিম উদ্দিন, সদর উপজেলা শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম, সমাজসেবা অফিসার আনিছুর রহমান। কার্যক্রম ও মুল প্রতিপাদ্য উপস্থাপন করেন দি হাঙ্গার প্রোজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী রাজু জাভেদ।

মুজাহিদ মুন্নার সঞ্চালনায় সংলাপ অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, খাদ্য কর্মকর্তা এরশাদ আলী, মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি হাফেজ মাওলানা রোকনউদ্দিন, জেলা মহিলা দলের সভানেত্রী সাহিদাতুন্নেসা নয়ন, আব্দুস সাত্তার মুক্তা, সঞ্জয় মুখার্জী, জন পি বিশ্বাস প্রমুখ।

সংলাপে অন্যদের মধ্যে ইমাম জামাল উদ্দিন, সামিউল ইসলাম, শাহিন

আলম, ইদ্রিস আলী, আব্দুল ওহাব, সাইফুল ইসলাম বকুল, জিল্লুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, সাবেক কাউন্সিলর পলি খাতুন, সোনিয়া আক্তার, জেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক সঞ্জীব পাল বাপি, লিপিকাদে, অনন্যা রানী দাসীসহ বিভিন্ন ধর্মের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।